গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত তথ্য ও প্রযুক্তি গণমাধ্যমের সহায়তায় খামারী, সম্প্রসারণকর্মীসহ সংশ্লিষ্ট উপকারভোগীর কাছে সময়মতো পৌঁছে দেয়া মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রধান দায়িত্ব। বিগত তিন বছর মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর কর্তৃক 'ট্যাংরা মাছের প্রজনন ও পোনা উৎপাদন প্রযুক্তি' 'কালিবাউস মাছের কৃত্রিম প্রজনন ও চাষ ব্যবস্থাপনা' 'চিতল মাছের কৃত্রিম প্রজনন ও চাষ ব্যবস্থাপনা' 'মহাশোল মাছের কৃত্রিম প্রজনন ও চাষ ব্যবস্থাপনা' 'বিপন্ন প্রজাতির কলি মাছের কৃত্রিম প্রজনন ও চাষ ব্যবস্থাপনা, 'নোনা ট্যাংরার প্রজনন, পোনা উৎপাদন ও নার্সারি ব্যবস্থাপনা' 'একোয়াপনিক গার্ডেনিং ও ভাসমান খাঁচায় গুলশা চাষ' 'তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা' 'বৈজ্ঞানিক পদ্ধতিতে কোরবানীর পশুর চামড়া ছাড়ানো ও সংরক্ষণ', 'কোরবাণীর জন্য সুস্থ-সবল গবাদি-পশু চেনার উপায়', 'তড়কা রোগ প্রতিরোধে করণীয়', 'কবুতর পালন', 'টার্কি পালন', 'গবাদি-পশুর রোগ প্রতিরোধে করণীয়', 'সাফল্যের ৫ বছর', মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের 'বার্ষিক প্রতিবেদন-২০১৬-১৭' 'বার্ষিক প্রতিবেদন-২০১৭-১৮', 'বার্ষিক প্রতিবেদন-২০১৮-১৯' '২০০৯-১০ হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত মন্ত্রণালয়ের কার্যাবলীর উপর ৮ বৎসরের বার্ষিক প্রতিবেদন' এবং মৎস্য সপ্তাহ, মা ইলিশ সংরক্ষণ, জাটকা সংরক্ষণ সপ্তাহ, বিশ্ব এন্টিবায়োটিক সচেতনতা সপ্তাহ ও বিশ্ব জলাতংক দিবস বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রায় ৭ লক্ষ ১৮ হাজার কপি পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক-পুস্তিকা মুদ্রণপূর্বক তা বিনামূল্যে জনসাধারণের নিকট বিতরণ করা হয়েছে। এ উদ্দেশ্যে বিগত তিন বছর ৬টি টিভি ফিলার, ১২টি প্রামান্য চিত্র, ২টি ভিডিও ক্লিপ, ৪টি টিভিসি ও ১টি জিঙ্গেল নির্মাণ করা হয়েছে এবং তা বাংলাদেশ টেলিভিশন ও বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলে প্রচারিত হয়েছে। পাশাপাশি বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনে মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ে টক-শো'র আয়োজন করা হয়েছে। এ সময়ে জাতীয় মৎস্য সপ্তাহ, জাটকা সংরক্ষণ সপ্তাহ, মা ইলিশ সংরক্ষণ, গবাদিপশুর ক্ষুরারোগ দমন, কোরবানীর জন্য সুস্থ-সবল পশু ক্রয়, বিশ্ব এন্টিবায়োটিক দিবস ও বিশ্ব জলাতংক দিবস বিষয়ে জাতীয় দৈনিক পত্রিকায় ও সরকারি-বেসরকারি টিভি চ্যানেলে স্ক্রল আকারে বিজ্ঞপ্তি প্রচার করা হয়। এসব প্রচার-প্রচারণার ফলে মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টর সম্পর্কে জনসাধারণের আগ্র বৃদ্ধি পাচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর সদর দপ্তরসহ ৪টি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে তথ্য সেবা প্রদান করে থাকে। তবে সদর দপ্তরসহ উল্লিখিত আঞ্চলিক কার্যালয়গুলির অবকাঠামোগত স্বল্পতা/সীমাবদ্ধতার কারণে গুণগত মানসম্পন্ন সেবা প্রদান ব্যাহত হচ্ছে। তাছাড়া সংস্থার রাজস্ব খাতভুক্ত বর্তমান জনবল মাত্র ৪০ জন। অপ্রতুল জনবলের ফলে বিভিন্ন চাহিদামাফিক তথ্য সেবা বিতরণ বাধাগ্রস্থ হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

- মৎস্য ও প্রাণিসম্পদের টেকসই উন্নয়ন, সংরক্ষণ ও সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণে তথ্যসেবার মান উন্নয়ন।
- জলবায়ু পরিবর্তনের ফলে মৎস্য ও প্রাণিসম্পদের উপর যেসকল বিরূপ প্রভাব পড়ছে তা মোকাবেলায় বিভিন্ন গণমাধ্যমের সাহায্যে প্রচার-প্রচারণার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা।
- দপ্তরের প্রাতিষ্ঠানিক কাঠামোগত সক্ষমতা ও জনবল বৃদ্ধির মাধ্যমে তথ্যসেবা সম্প্রসারণ ও জোরদারকরণ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক নতুন নতুন প্রযুক্তি সম্প্রসারণে প্রচার ও প্রকাশনার মাধ্যমে বৃহত্তর জনগোষ্ঠীকে উদ্বুদ্ধকরণ।
- প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন বিজ্ঞপ্তি, টিভিসি, টিভি ফিলার, জিঙ্গেল, ডকু-ড্রামা ও নানা ধরনের প্রচারণার সংস্থান রাখা।
- দপ্তরের ওয়েবসাইটকে আরও সমৃদ্ধকরণ।
- রাজধানীর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহে মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও প্রদর্শনী আয়োজন করে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ।
- মন্ত্রণালয়ের বার্ষিক কর্মকান্ডের রিপোর্ট প্রণয়ন।
- বর্তমান সরকারের ০২ বছরের সাফল্যের উপর পুস্তক প্রকাশ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বিপুল জনগোষ্ঠিকে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন বিষয়ক নতুন নতুন কলাকৌশল ও প্রযুক্তিতে উদ্বুদ্ধকরণ এবং মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের উন্নয়নের লক্ষ্যে দেশের বিপুল জনগোষ্ঠিকে আধুনিক মাছ চাষ, হাঁস-মুরগি ও গবাদিপশু পালন সংক্রান্ত তথ্য অবহিতকরণসহ উন্নত কলাকৌশল ও প্রযুক্তি বিষয়ক তথ্যাবলী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের মাধ্যমে সরকার ঘোষিত 'ডিজিটাল বাংলাদেশ' গঠন ও 'ভিশন-২০২১' বাস্তবায়নের প্রত্যয়কে এগিয়ে নেয়া।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

দ্রুত ও ক্রমবর্ধনশীল খাত হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়নে নতুন প্রযুক্তি ও কলাকৌশল সম্পর্কে বিভিন্ন গণমাধ্যম ও প্রচার-প্রচারণার সাহায্যে জনগণকে অবহিতকরণের মাধ্যমে তাদের কর্মসংস্থান ও আয়ের পথ সুগম করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন লাগসই প্রযুক্তি সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের মাধ্যমে এ সম্পর্কিত প্রচারণা বৃদ্ধি করা।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তিকা মুদ্রণ ও বিতরণ।

২. মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভি ফিলার, ডকু-ড্রামা, জিঙ্গেল তৈরী এবং বিভিন্ন সরকারি- বেসরকারি টিভি চ্যানেল ও বেতারে প্রচার।

৩. মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত জনগুরুত্বসম্পন্ন বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় ও টিভি স্ক্রলে প্রকাশ।

৪. বিভিন্ন জাতীয় কর্মসূচি যেমন-মৎস্য সপ্তাহ, জাটকা সংরক্ষণ সপ্তাহ, মা ইলিশ সংরক্ষণ অভিযান, প্রাণিসেবা সপ্তাহ, বিশ্ব জলাতংক দিবস ইত্যাদি উপলক্ষ্যে বেতার ও টিভি চ্যানেলে টক-শো অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ।

৫. বিভিন্ন জাতীয় অনুষ্ঠানের স্থির ও ভিডিও চিত্র ধারণ ও প্রচারে সহযোগিতা প্রদান।

৬. বিভিন্ন জনবহুল স্থানে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন বিষয়ক ভিডিও চিত্র প্রদর্শনীর আয়োজন।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক নব নব প্রযুক্তি সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের মাধ্যমে এ সম্পর্কিত প্রচারণা বৃদ্ধি | মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন পোস্টার,লিফলেট, ফোল্ডার, পুস্তক, টিভি ফিলার, তথ্যচিত্র, বিজ্ঞাপন, ইত্যাদির পরিমাণ। | সংখ্যা | ২,৫০,০০০ | ৩,০১,৭৩৯ | ২,১০,০৪৪ | ২,১৫,০০০ | ৩,০০,০০০ | মৎস্য অধিদপ্তর(ডিওএফ), প্রাণিসম্পদ অধিদপ্তর(ডিএলএস), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট(বিএফআরআই), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট(বিএলআরআই), মেরিন ফিশারিজ একাডেমি(এমএফএ), বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন(বিএফডিসি), বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল(বিভিসি) । | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, সরেজমিন পরিদর্শন প্রতিবেদন ইত্যাদি। |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন লাগসই প্রযুক্তি সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণের মাধ্যমে এ সম্পর্কিত প্রচারণা বৃদ্ধি করা। | ৭৫ | [১.১] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক মুদ্রণ ও বিতরণ | [১.১.১] মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | সমষ্টি | সংখ্যা (কপি) | ৩৫ | | ৩০১৬৯৫ | ২৯০০০০ | ২৬১০০০ | ২৩২০০০ | ২০৩০০০ | ১৭৪০০০ | ২৯৫০০০ | ৩০০০০০ |
| | | [১.২] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভি ফিলার, টিভি টেলপ, ডকুড্রামা ও প্রামাণ্যচিত্র নির্মাণ | [১.২.১] নির্মিত টিভি ফিলার, ডকুড্রামা | সমষ্টি | সংখ্যা | ১৫ | | ৭ | ৭ | ৬ | ৬ | ৫ | ৪ | ৭ | ৭ |
| | | [১.৩] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও প্রদর্শনী | [১.৩.১] প্রদর্শিত মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও | সমষ্টি | সংখ্যা | ৫ | | ৫ | ৮ | ৭ | ৬ | ৬ | ৫ | ৯ | ১০ |
| | | [১.৪] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক টক-শো প্রচার | [১.৪.১] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক প্রচারিত টক-শো | সমষ্টি | সংখ্যা | ৫ | | ১ | ২ | ২ | ২ | ১ | ১ | ২ | ৩ |
| | | [১.৫] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত জনগুরুত্বসম্পন্ন বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় ও টিভি স্ক্রলে প্রকাশ। | [১.৫.১] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত জনগুরুত্বসম্পন্ন প্রকাশিত বিজ্ঞপ্তি | সমষ্টি | সংখ্যা | ১০ | | ৩০ | ২৫ | ২৩ | ২০ | ১৮ | ১৫ | ২৮ | ৩০ |
| | | [১.৬] মৎস্য ও প্রাণিসম্পদ খাতে বঙ্গবন্ধুর অবদান বিষয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রচার | [১.৬.১] প্রচারিত বঙ্গবন্ধুর মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক অবদান সম্পর্কিত প্রামাণ্যচিত্র | সমষ্টি | সংখ্যা | ৫ | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ২ | ৪ | | | | | ৪ | ৪ |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | ৯ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ৩ | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | ২ | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ৩ | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ২ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | ৬০ | ৮০ | ৭০ | ৬০ | | | ৭০ | ৮০ |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | ১৫-০২-২০২২ | ১৫-০২-২০২৩ |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | ২৫-০২-২০২২ | ২৫-০২-২০২৩ |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘণ্টা | ১ | | ৩০ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | ৬০ | ৫০ |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘণ্টা | ১ | | ৪ | ৫ | ৪ | | | | ৫ | ৫ |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | ১ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | | | ৯০ | ১০০ |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | | | ৯০ | ১০০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | ৫০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ৬০ | ৭০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | ২০ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | ২৫ | ৩০ |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | ৩০-১১-২০১৯ | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | ১৫-১১-২০২১ | ১৫-১১-২০২২ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হিসাবে উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৮.৭.২০২০

উপ-পরিচালক
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

২৮.৭.২০২০
তারিখ

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২৮.০৭.২০২০
তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিএলআরআই | বাংলাদেশ লাইভস্টক রিসার্চ ইনস্টিটিউট |
| ২ | বিএফআরআই | বাংলাদেশ ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউট |
| ৩ | ডিএলএস | ডিপার্টমেন্ট অব লাইভস্টক সার্ভিসেস |
| ৪ | ডিওএফ | ডিপার্টমেন্ট অব ফিশারিজ |
| ৫ | এমএফএ | মেরিন ফিশারিজ একাডেমি |
| ৬ | বিএফডিসি | বাংলাদেশ ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ৭ | বিভিসি | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক মুদ্রণ ও বিতরণ | [১.১.১] মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক নতুন নতুন প্রযুক্তি সম্প্রসারণে বিভিন্ন প্রকাশনা যেমন- পোস্টার, লিফলেট, ফোল্ডার ও পুস্তক এর মাধ্যমে এ খাত সংশ্লিষ্ট বৃহত্তর জনগোষ্ঠীকে উদ্বুদ্ধ করা হয়ে থাকে। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার ও পুস্তকের সংখ্যা | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভি ফিলার, টিভি টেলপ, ডকুড্রামা ও প্রামাণ্যচিত্র নির্মাণ | [১.২.১] নির্মিত টিভি ফিলার, ডকুড্রামা | ইলেক্ট্রনিক মিডিয়ায় মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন টিভি ফিলার, ফিচেল, ডকু-ড্রামা প্রচারের মাধ্যমে এ খাত সংশ্লিষ্ট বৃহত্তর জনগোষ্ঠীকে উদ্বুদ্ধ করা হয়ে থাকে। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | নির্মিত টিভি ফিলার ও ডকুড্রামার সংখ্যা | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও প্রদর্শনী | [১.৩.১] প্রদর্শিত মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক ভিডিও | বিভিন্ন জনবহুল স্থানে মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন বিষয়ক ভিডিও চিত্র প্রদর্শনীর আয়োজন করে জনসাধারণকে উদ্বুদ্ধ করা হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | প্রদর্শিত ভিডিও এর সংখ্যা | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক টক-শো প্রচার | [১.৪.১] মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক প্রচারিত টক-শো | বিভিন্ন জাতীয় কর্মসূচি যেমন-মৎস্য সপ্তাহ, জাটকা সংরক্ষণ সপ্তাহ, মা ইলিশ সংরক্ষণ অভিযান, ৬৫ দিন সমুদ্রে মৎস্য আহরণ নিষিদ্ধকরণ, প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও বিশ্ব জলাতংক দিবস ইত্যাদি উপলক্ষ্যে বেতার ও টিভি চ্যানেলে জনসচেতনতামূলক টক-শো অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা করা হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | প্রচারিত টক-শো এর সংখ্যা | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় ও টিভি স্ক্রলে প্রকাশ। | [১.৫.১] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত গুরুত্বপূর্ণ প্রকাশিত বিজ্ঞপ্তি | মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় ও টিভি স্ক্রলে প্রকাশ করা হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | প্রকাশিত বিজ্ঞপ্তির সংখ্যা | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] মৎস্য ও প্রাণিসম্পদ খাতে বঙ্গবন্ধুর অবদান বিষয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রচার | [১.৬.১] প্রচারিত বঙ্গবন্ধুর মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক অবদান সম্পর্কিত প্রামাণ্যচিত্র | মৎস্য ও প্রাণিসম্পদ খাতে বঙ্গবন্ধুর অবদান বিষয়ে নির্মিত প্রামাণ্যচিত্র ও ভিডিও ক্লিপ বিভিন্ন টিভি চ্যানেলে প্রচার করা হয়। | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | বঙ্গবন্ধুর অবদান শীর্ষক প্রচারিত প্রামাণ্যচিত্রের সংখ্যা | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| দপ্তর / সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তর | নির্মিত টিভি ফিলার, ডকুড্রামা | কারিগরি সহায়তা ও সম্প্রসারণ সামগ্রী বিতরণ | প্রযুক্তি সম্প্রসারণে সহায়ক ভূমিকা রাখে | তৃণমূল পর্যায়ে বিতরণে সমস্যা হয় ও অধিক ব্যয় হয়। চাষীর উৎপাদন ব্যহত হয়। |
| দপ্তর / সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তর | মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | কারিগরি সহায়তা ও সম্প্রসারণ সামগ্রী বিতরণ | প্রযুক্তি সম্প্রসারণে সহায়ক ভূমিকা রাখে | তৃণমূল পর্যায়ে বিতরণে সমস্যা হয় ও অধিক ব্যয় হয়। চাষীর উৎপাদন ব্যহত হয়। |
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | নির্মিত টিভি ফিলার, ডকুড্রামা | কারিগরি সহায়তা | প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে | চাষীর উৎপাদন ও কর্মসংস্থান ব্যহত হয়। |
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | কারিগরি সহায়তা | প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে | চাষীর উৎপাদন ও কর্মসংস্থান ব্যহত হয়। |
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | নির্মিত টিভি ফিলার, ডকুড্রামা | কারিগরি সহায়তা | প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে | চাষীর উৎপাদন ও কর্মসংস্থান ব্যহত হয়। |
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | কারিগরি সহায়তা | প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে | চাষীর উৎপাদন ও কর্মসংস্থান ব্যহত হয়। |
| দপ্তর / সংস্থা | মৎস্য অধিদপ্তর | নির্মিত টিভি ফিলার, ডকুড্রামা | কারিগরী সহায়ত ও সম্প্রসারণ সামগ্রী বিতরণ | প্রযুক্তি সম্প্রসারণে সহায়ক ভূমিকা রাখে | তৃণমূল পর্যায়ে বিতরণে সমস্যা হয় এবং অধিক ব্যয় হয়। সর্বোপরি উৎপাদন ব্যহত হয়। |
| দপ্তর / সংস্থা | মৎস্য অধিদপ্তর | মুদ্রিত পোস্টার, লিফলেট, ফোল্ডার, পুস্তক | কারিগরী সহায়ত ও সম্প্রসারণ সামগ্রী বিতরণ | প্রযুক্তি সম্প্রসারণে সহায়ক ভূমিকা রাখে | তৃণমূল পর্যায়ে বিতরণে সমস্যা হয় এবং অধিক ব্যয় হয়। সর্বোপরি উৎপাদন ব্যহত হয়। |